

বরিশাল বিশ্ববিদ্যালয়ে ২০১৯-২০ শিক্ষাবর্ষের স্নাতক (সম্মান) প্রথম বর্ষে ভর্তি পরীক্ষা স্থগিত করা হয়েছে। গতকাল রবিবার বিকেলে বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষাসংক্রান্ত কোর কমিটির সদস্য ড. মো. মুহসিন উদ্দীন স্বাক্ষরিত এক সংবাদ বিজ্ঞপ্তির মাধ্যমে এ তথ্য জানানো হয়েছে।

সংবাদ বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, আগামী ১৮ ও ১৯ অক্টোবর অনুষ্ঠেয় ভর্তি পরীক্ষা অনিবার্য কারণবশত সাময়িকভাবে স্থগিত করা হয়েছে। ভর্তি পরীক্ষার তারিখ আবার নির্ধারণ করে যথাসময়ে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটের মাধ্যমে জানানো হবে।

বিশ্ববিদ্যালয় সুত্রে জানা গেছে, বিভিন্ন বিষয়ে প্রায় দেড় হাজার আসনে চার বছর মেয়াদি স্নাতক (সম্মান) কোর্সে ভর্তির জন্য তিনটি ইউনিটে আবেদন জমা পড়েছে ৪০ হাজারের বেশি।

জানা গেছে, বরিশাল বিশ্ববিদ্যালয়ে উপাচার্য, ট্রেজারার, রেজিস্ট্রারসহ বেশ কয়েকটি গুরুত্বপূর্ণ পদ শূন্য। ফলে ভর্তি কার্যক্রম সম্পন্ন করা প্রায় অসম্ভব হয়ে পড়েছে। কারণ প্রশ্নপত্র তৈরিসহ বেশ কিছু আনুষ্ঠানিকতা রয়েছে, যা উপাচার্য ছাড়া সম্পন্ন করা সম্ভব হচ্ছে না।

বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক আবু জাফর মিয়া কালের কঠিকে বলেন, গুরুত্বপূর্ণ পদগুলো শূন্য থাকায় বিশ্ববিদ্যালয়ে অচলাবস্থার সৃষ্টি হয়েছে। ফলে আগামী ১৮ ও ১৯ অক্টোবরের ভর্তি পরীক্ষা স্থগিত করা হয়েছে। শূন্যপদ পূরণে দ্রুত পদক্ষেপ নেওয়ার ব্যাপারে উর্ধ্বতন কর্তৃপক্ষ শিগগির প্রয়োজনীয় ব্যবস্থা নেবে বলে আশা করছেন তিনি।

[Print](#)

সম্পাদক : ইমদাদুল হক মিলন,

ভারপ্রাপ্ত সম্পাদক : মোস্তফা কামাল,

ইন্স্ট ওয়েস্ট মিডিয়া গ্রুপ লিমিটেডের পক্ষে ময়নাল হোসেন চৌধুরী কর্তৃক প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বসুন্ধরা, বারিধারা থেকে প্রকাশিত এবং প্লট-সি/৫২, ব্লক-কে, বসুন্ধরা, খিলাক্ষেত, বাড়া, ঢাকা-১২২৯ থেকে মুদ্রিত।

বার্তা ও সম্পাদকীয় বিভাগ : বসুন্ধরা আবাসিক এলাকা, প্লট-৩৭১/এ, ব্লক-ডি, বারিধারা, ঢাকা-১২২৯। পিএবিএক্স : ০২৮৪০২৩৭২-৭৫, ফ্যাক্স : ৮৪০২৩৬৮-৯, বিজ্ঞাপন ফোন : ৮১৫৮০১২, ৮৪০২০৪৮, বিজ্ঞাপন ফ্যাক্স : ৮১৫৮৮৬২, ৮৪০২০৪৭। E-mail : info@kalerkantho.com